

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-৫/২০১৬-৩৮২

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ ১৪২৩  
২৪ মে ২০১৬

আদেশ

যেহেতু, জনাব মোঃ মাছুম বিল্লাহ, উপজেলা শিক্ষা অফিসার, সদর, বরগুনা-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে গত ২৭ মার্চ, ২০১৬ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-০৫/২০১৬-৩৪৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য ও নথিপত্র পর্যালোচনায় জনাব মোঃ মাছুম বিল্লাহ, উপজেলা শিক্ষা অফিসার, সদর, বরগুনা-এর বিরুদ্ধে আনীত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১ (এক)টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) ৩ বছরের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে সেহেতু, তাকে (জনাব মোঃ মাছুম বিল্লাহ, উপজেলা শিক্ষা অফিসার, সদর, বরগুনা) সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১ (এক) টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ১টি বেতন বৃদ্ধি) ৩ বছরের জন্য স্থগিত করা হ'ল। উল্লেখ্য যে, তিনি ভবিষ্যতে স্থগিত বেতন বৃদ্ধির কোন অংশ বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।


স্বাক্ষরিত/-  
২৪/৫/২০১৬  
(মোঃ হুমায়ুন খালিদ)  
সচিব

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-০৫/২০১৬-৩৮২

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ ১৪২৩  
২৪ মে ২০১৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনা।
- ৭। জনাব মোঃ মাছুম বিল্লাহ, উপজেলা শিক্ষা অফিসার, সদর, বরগুনা।
- ৮। অফিস কপি।

  
(তানভীর আহমেদ)  
উপ-সচিব  
ফোন-৯৫৭৬৬৯১